উপজেলা পরিষদ

ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

# সেপ্টেম্বর/২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মো: আরিফুল ইসলাম প্রিন্স
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ হলরুম, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

তারিখ : ১৫/০৯/২৫ খ্রিস্টাব্দ সময়ঃ সকাল ১১.৩০ঘটিকা।

**উপস্থিত এবং সংযুক্ত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" "খ"**

সভার সভাপতি প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ কর্তৃক সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার আগষ্ট/২৫ মাসের কার্যবিবরনী পাঠকরা হয় এবং কোন সংশোধন উত্থাপিত না হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | **উপজেলা প্রকৌশলী অফিস:** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ২ | **উপজেলা কৃষি অফিস :** সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, তার বিভাগের নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি আরও জানান যে, বর্তমানে মাঠে রোপা আমন ধান ও অন্যান্য ফসলের পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এছাড়াও প্রনোদনা কর্মসূচির আওতায় ৮০ জন কৃষক-কৃষানীর মাঝে মাসকলাই বীজ ও সার বিতরন করা হয়েছে এবং মাঠে ও বসতবাড়ীতে চাষযোগ্য সবজি প্রনোদনার অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হচ্ছে। তাছাড়া উপজেলা সার মনিটরিং কার্যক্রম বেগমান রয়েছে এবং সারের কোন সংকট নেই বলে জানান। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৩ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,** তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এছাড়া আগামী ১২ অক্টোবর ২০২৫ হতে সারা বাংলাদেশে একযোগে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন শুরু হবে,যেখানে ৯ মাস থেকে ১৫ বছর এর কম বয়সী সকল শিশুকে এক ডোস Tcv টিকা প্রদান করা হবে বলে জানান। এ বিষয়ে তিনি স্কুল পর্যায়ে প্রাক প্রাথমিক/ সমমান এবং নবম শ্রেণী / সমমান পর্যন্ত সকল শিশুকে জন্মনিবন্ধনের মাধ্যমে অনলাইন রেজিষ্টেশনের জন্য মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করেন। এছাড়াও ডেঙ্গু জ্বরের প্রকোপ রোধে এডিস মশা নিয়ন্ত্রনে সবাইকে সচেতন হবার জন্য অনুরোধ করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৫ | **উপজেলা মৎস্য অফিস : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা** সভায় জানান যে, মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। মৎস্যপণ্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রন আইন ২০২০ অনুযায়ী নিরাপদ মাছ উৎপাদনে সচেতনতা বৃদ্ধি মূলক কার্যক্রম ও বাজার অভিযান চলমান।তাছাড়া ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় ২৮/৮/২০২৫ খ্রি: তারিখে ২৫ (পঁচিশ) টি প্রাতিষ্ঠানিক পুকুর ও ৩১/৮/২৫ খ্রি: তারিখে ০৩(তিন) টি বিলে সর্বমোট ৭২০ কেজি রুই,কাতলা, মৃগেল ও কালিবাউস মাছের পোনা অবমুক্ত করা হয়। এছাড়াও দাপুনিয়া ইউনিয়নের ডেকি বিলে মৎস্য সংরক্ষন আইনে অবৈধ চায়না দুয়ারি জাল ও অবৈধ স্থাপনা বিনষ্ট করা হয় এবং ২০০০/- টাকা জরিমানা করা হয় বলে জানান। তিনি আরও জানান, শম্ভুগঞ্জ বাজার থেকে ৬১ কেজি পিরানহা মাছ জব্দ ও বিনষ্ট করা হয়েছে । তাছাড়া খামার পরিদর্শন, পরামর্শ প্রদান, মৎস্যখাদ্য ও হ্যাচারী লাইসেন্স নবায়ন, পুকুরের পানি পরীক্ষাসহ সকল সম্প্রসারণ মূলক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস:** উপজেলা প্রানীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে প্রাণীর চিকিৎসা, টিকাদান, উঠান বৈঠক ইত্যাদি কাজ চলমান রয়েছে এবং ঘাসের চারা বা কাটিং বিতরণ, কৃত্রিম প্রজনন, বাজার মনিটরিং, উপজেলা প্রশাসনের সহযোগীতা ও নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনা ইত্যাদি কার্যক্রম চলমান আছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রানিসম্পদ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা নির্বাচন অফিসার ময়মনসিংহ সদর ময়মনসিংহ এর ওয়েবসাইটে মৃত ভোটারদের খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে। উক্ত তালিকা হতে সহজেই মৃত ভাতাভোগীদের তথ্য খুজেঁ বের করা সম্ভব। সেই সাথে মৃত ভাতাভোগীদের বাদ দিয়ে অপেক্ষমাণ তালিকা হতে নতুন ভাতাভোগী নির্বাচন করে প্রতিস্থাপন করা সম্ভব। অপেক্ষমাণ তালিকা উপজেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ সদর হতে প্রত্যেক ইউনিয়ন পরিষদ প্রশাসক/চেয়ারম্যান মহোদয়ের ইমেইলে প্রেরণ করা হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলা পর্যায়ে জুলাই গনঅভ্যুত্থান বর্ষপূর্তি পালন উপলক্ষ্যে "২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন" প্রতিযোগিতা ১৭ জুলাই ২০২৫খ্রি. তারিখে সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা হয়েছে। লেইস প্রকল্পের আওতায় এ উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান সমূহে জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতা মূলক কর্মসূচি আয়োজনের জন্য প্রতিষ্ঠান প্রতি = ৫০০০/-(পাঁচ হাজার) হারে ৮৭ টি শিক্ষা প্রতিষ্ঠানের বিপরীতে বরাদ্দকৃত =৪৩৫০০০/- (চার লক্ষ পয়ত্রিশ হাজার) BEFTN এর মাধ্যমে পরিশোধ করা হয়েছে। যথাযথ নির্দেশনা মোতাবেক এ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | **উপজেলা সমবায় অফিস :** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া তিনি প্রশাসক হিসেবে ঘাগড়া ইউনিয়নের জন্য ঘাগড়া মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে আইপিএস সুবিধা অকার্যকর থাকার কারণে গর্ভবতী মায়েরা প্রসবকালীন সময়ে চরম দূর্ভোগের শিকার হচ্ছে বলে জানান। এ বিষয়ে তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১০ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস:** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এছাড়া | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| | ময়মনসিংহ সদর উপজেলায় ৫ম শ্রেনির শিক্ষার্থীদের পড়ালেখায় উৎসাহিত করণে মেধা অন্বেষন -২০২৫ প্রতিযোগিতা ১৯০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় সহ সংযুক্ত বিদ্যালয়ের ০৬ জন শিক্ষার্থীদের নিয়ে প্রথম ধাপে ০৯ টি ক্লাষ্টার পর্যায়ে এবং পরবর্তীতে উপজেলা পর্যায়ে পরিচালনার জন্য শিক্ষা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের আলোকে বাস্তবায়িত হবে বলে জানান। তাছাড়া এই প্রতিযোগিতা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উদ্যোগে প্রান্তিক পর্যায়ে প্রাথমিক শিক্ষার প্রতি উৎকর্যতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলেও তিনি জানান। তাই মেধা অন্বেষন প্রতিযোগিতা ২০২৫ সঠিক ও সুষ্ঠভাবে বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১১ | **উপজেলা যুব উন্নয়ন অফিস :** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জনান যে, তার দপ্তরের ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষন কার্যক্রম বাজেট বরাদ্ধ না থাকায় শুরু করা সম্ভব হচ্ছে না। ঋন কার্যক্রম, প্রশিক্ষন, আত্মকর্মসংস্থান সৃজন যুব সংগঠন রেজিস্ট্রেশন কার্যক্রম এপি এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হচ্ছে। তাছাড়া ইমপ্যাক্ট ফেজ-৩ প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক আছে। সদর উপজেলায় ৪২ টি বায়ুগ্যাস প্লান্ট স্থাপন চলমান আছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর উপকার ভোগীর তালিকা এবং কাবিখা/কাবিটা/টি.আর এর তালিকা চেয়ারম্যান/প্রশাসক মহোদয়গণকে আগামী ২০/০৯/২৫ ইং তারিখের মধ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতার কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ জানান। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৩ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস :** উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের চূড়ান্ত তালিকা অনুমোদন হয়েছে। নীতিমালা অনুযায়ী চূড়ান্ত তালিকা থেকে কোন উপকার ভোগী বাদ গেলে নির্বাচিত ১০% অপেক্ষমান তালিকা থেকে নতুন উপকারভোগী নির্বাচন করা হবে। উপকার ভোগীদের মাঝে কার্ড বিতরন শেষে জুলাই/২৫ মাস হতে পরবর্তী ২৪ মাসে মাসিক ৩০কেজি হারে খাদ্য বিতরন করা হবে। মা ও শিশু সহায়তা তহবিলের আওতায় জুলাই/২৫ ও আগষ্ট/২৫ মাসের জন্য ইউনিয়ন প্রতি মাসিক ১০ টি হিসাব কার্ডের বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রতি মাসের ২০ তারিখের মধ্যে অনলাইনে আবেদন সম্পূর্ণ করা আবেদনকারীদের ইউনিয়ন কমিটির মাধ্যমে যা বিভিন্ন ইউনিয়নে চূড়ান্ত তালিকার নির্বাচন সম্পূর্ন হয়েছে। নির্বাচিত উপকার ভোগীদের মাঝে কার্ড বিতরন শেষে জুলাই/২৫ মাস হতে মাসিক ৩০ কেজি হারে খাদ্য বিতরন করা হবে। মা ও শিশু সহায়তা তহবিলের আওতায় জুলাই/২৫ ও আগষ্ট/২৫ মাসের জন্য ইউনিয়ন প্রতি মাসিক ১০টি হিসাবে কার্ডের বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রতি মাসের ২০ তারিখের মধ্যে অনলাইনে আবেদন সম্পূর্ন করা আবেদন কারীদের ইউনিয়ন কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে আগষ্ট/২৫ তারিখের মধ্যে উপজেলা কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে ২৫ তারিখের মধ্যে উপজেলা কমিটির নিয়ে সুপারিশ করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যান ও প্রশাসকদের অনুরোধ করা হলো। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৪ | **উপজেলা বিআরডিবি অফিস :** উপজেলা বি আর ডি বি অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বি আর ডি বি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৫ | **উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নিবাচন উপলক্ষে ১৪৮ ময়মনসিংহ-৪ (সদর) আসনের সম্ভাব্য ভোটকেন্দ্রের তালিকা সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা মহোদয় ১০ | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সেপ্টেম্বর ২০২৫ তারিখ প্রকাশ করেছেন।খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/ আপত্তি গ্রহণের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর ২০২৫। প্রাপ্ত দাবী/ আপত্তির নিষ্পত্তির শেষ তারিখ ১২ অক্টোবর২০২৫। খসড়া ভোটকেন্দ্রের সম্ভাব্য তালিকা চূড়ান্তকরণ ২০ অক্টোবর ২০২৫। প্রকাশিত সম্ভাব্য ভোট কেন্দ্রের খসড়া তালিকার উপর কোন দাবী/আপত্তি/সুপারিশ থাকলে তা আগামী ২৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালিন সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ বরাবর লিখিতভাবে দাখিল করা যাবে বলে জানান। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | সংশ্লিষ্ট সকল। |
| ১৬ | **উপজেলা পরিসংখ্যান অফিস:** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৭ | **উপজেলা খাদ্য অফিস :** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। চর নিলক্ষিয়া ও চর ইশ্বরদিয়া ২ টি ইউনিয়নে খাদ্যবান্ধব পাইলটিং কার্যক্রম চলমান। এছাড়া বাকি অন্যান্য ইউনিয়নেও খাদ্যবান্ধব কর্মসূচি নভেম্বর /২৫ পর্যন্ত চলবে ।এ বিষয়ে তিনি ইউনিয়ন পরিষদের প্রশাসক/চেয়ারম্যান সাহেবদের তদারকি জোরদার করার জন্য অনুরোধ জানান । এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস :** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯ | **উপজেলা আইসিটি অফিস :** উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিং ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯/১ | **বিবিধ**<br>ঘাগড়া ও দাপুনিয়া ইউনিয়নের জনগনের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে এ্যাম্বুলেন্স ক্রয়। উপস্থিত সকলে গ্রামীন বিভিন্ন ইউনিয়নে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে গ্রামীণ এ্যাম্বুলেন্স ক্রয়ের বিষয়ে গুরুত্বারোপ করেন। এক্ষেত্রে প্রথমে ঘাগড়া ও দাপুনিয়া পাইলটিং হিসেবে নেয়া হবে। এক্ষেত্রে সকলে একমত পোষন করেণ যে, যেহেতু নিয়মিত ড্রাইভিং এর অভাব রয়েছে সেক্ষেত্রে ঘাগড়া ও দাপুনিয়া ইউনিয়ন থেকে গ্রাম পুলিশদের মধ্যে দক্ষ ও গাড়ী চালনায় পারদর্শীদের নিয়ে একটা ড্রাইভার পুল গঠন করা হবে এবং গ্রাম পুলিশগণ নিয়মিত দায়িত্বের পাশাপাশি এ দায়িত্ব পালন করবেন। এ সংক্রান্ত একটি পরিচালনা কমিটি থাকবে ও নীতিমালা ও নির্দেশিকা থাকতে পারে।সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলী জানান যে, যেহেতু শুধুমাত্র একটি প্রতিষ্ঠান গ্রামীণ এ্যাম্বুলেন্স তৈরি ও বাজারজাত করে সেই ক্ষেত্রে সঠিক ও গুনগত মান বজায় রেখে PPR,2008 (পিপিআর ২০০৮) অনুসরণক্রমে সরাসরি ক্রয় পদ্ধতিতে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল থেকে ক্রয় করা যায়। এটা হলে প্রান্তিক ও গ্রামীন জনগোষ্ঠির স্বাস্থ্যসেবায় ইতিবাচক পরিবর্তন হবে। | ময়মনসিংহ সদর উপজেলার দুটি ইউনিয়নে স্বাস্থ্য সেবা এর প্রসুতিসেবা নিশ্চিত করতে বিভিন্ন উদ্যোগ গ্রহন ও পরিকল্পনা প্রনয়ন এবং টেকসই বাস্তবায়নের লক্ষে নিম্নলিখিত কমিটি গঠন করা হয়।<br>১। UNO---- উপদেষ্টা<br>২।সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা --আহ্বায়ক<br>৩। UHFPO---- সদস্য<br>৪। উপজেলা কৃষি কর্মকর্তা----সদস্য<br>৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা --- সদস্য<br>৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ----- সদস্য<br>৭। উপজেলা সমাজসেবা কর্মকর্তা --- সদস্য -<br>৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা --- সদস্য<br>৯। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর) ---- সদস্য<br>১০।ইউনিয়ন পরিষদ প্রশাসক/চেয়ারম্যান----সদস্য<br>১১।UDF(জাইকা) ---- সদস্য<br>১২।উপজেলা প্রকৌশলী---- সদস্য সচিব | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯/২ | **বিবিধঃ** বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত প্রকল্প/পূর্তকাজগুলো বাস্তবায়নের নিমিত্ত সবাই জনগুরুত্বপূর্ণ বিবেচনায় একমত পোষণ করেন এবং এগুলো দ্রুত বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।<br>**রাজস্ব তহবিলঃ**<br>০১। উপজেলা পরিষদের উপজেলা পরিষদের অনুমোদিত দাপ্তরিক ব্যয় (আপ্যায়ন,মনিহারি ও আনুষাংগিক ব্যয় ইত্যাদি) বিধিমোতাবেক নীতিমালা অনুযায়ী ব্যয়সীমার মধ্যে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের অনুমোদিত দাপ্তরিক ব্যয় (আপ্যায়ন,মনিহারি ও আনুষাংগিক ব্যয় ইত্যাদি) বিধিমোতাবেক নীতিমালা অনুযায়ী ব্যয়সীমার মধ্যে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২।উপজেলা পরিষদের অভ্যন্তরে বাগানে গ্রীল ও টাইলস এবং বাংলোর অভ্যন্তরে গাড়ী শেডে টাইলস ও রাস্তা মেরামত এবং UNO এর রুমের এবং UNO এর গাড়ীর গ্যারেজের বর্ধিত অংশ নির্মাণ/ পুন: নির্মাণ । (RFQ)<br>০৩। উপজেলা স্বাস্থ্য অফিস সংলগ্ন স্থানে পানির পাম্প স্থাপন/সংস্কার। (পিআইসি-১)<br>০৪। উপজেলা পরিষদের উন্নয়ন মূলক কার্যক্রম নিয়ে ডকুমেন্টশন (DPM)<br>০৫।উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত (DPM) এবং জরুরী ভিত্তিতে গেইট ও গ্রীল মেরামত/সংস্কার এবং লেকচার টেবিল মেরামত। (DPM)।<br>০৬। UNO এর বাংলোর ভিতরে পানির পাম্প ও লাইন মেরামত/সংস্কার।-(পিআইসি-১)<br>**উন্নয়ন তহবিলঃ**<br>০১। শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে,ময়মনসিংহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অভ্যন্তরীন রাস্তা নির্মাণ ও ভবন সংস্কার ও রং করণ / । (RFQ)<br>০২। প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে গ্রামীণ এ্যাম্বুলেন্স ক্রয় (DPM)<br>০৩। অষ্টধার ইউনিয়নে পান্ডাপাড়া থেকে ঝাপারকান্দা রাস্তার স্থায়ীত্ব বৃদ্ধিতে ও জলাবদ্ধতা নিরসনে গাউড ওয়াল ও ইউড্রেন নির্মাণ (RFQ)<br>০৪। বিভিন্ন স্কুল ও কলেজে নারী শিক্ষার্থীদের জন্য নারী বান্ধব ওয়াশরুম নির্মাণ এবং ভেন্ডিং মেশিন সরবরাহ।(পিআইসি-১,২,৩)<br>০৫। স্কাউটস কার্যক্রম গতিশীল করতে উপজেলা স্কাউটস ভবন সংস্কার-(পিআইসি-১)<br>০৬। দাপুনিয়া বাজার এবং বিদ্যাগঞ্জ বাজার সংলগ্ন স্থানে জলাবদ্ধতা নিরসনে Rcc pavement নির্মান (e-GP LTM)<br>৭। স্কুলগামী পথ শিশুদের মধ্যে ব্যাগ ও শিক্ষা উপকরণ বিতরণ (DPM)<br>৮। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০২৫ এর পুরস্কার ও শিক্ষা সামগ্রী ক্রয়/বিতরণ (DPM)<br>৯। আকুয়া মোড়লপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বর্ডারগার্ড সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বর্ডারগার্ড সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিরাপত্তা নিশ্চিতকরণে নিরাপত্তা গ্রিল স্থাপন।- (পিআইসি ) | আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল ও উন্নয়ন তহবিল থেকে PPR, 2008 (পিপিআর ২০০৮) অনুসরণক্রমে প্রয়োজনীয় ক্ষেত্রে উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করে উক্ত প্রকল্পগুলো বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এক্ষেত্রে যে সকল কাজে প্রাক্কলন প্রয়োজন সেক্ষেত্রে উপজেলা প্রকৌশলী বাস্তবতার নিরিখে প্রাক্কলন প্রস্তুত করবেন। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯/৩ | **বিবিধ**<br>বাজার উন্নয়ন সর্ম্পকিত গত ১৪/০৯/২০২৫ তারিখ উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক উপজেলায় নিম্নলিখিত হাট বাজারের উন্নয়নে উপ-হাট বাজার সর্ম্পকিত ১৫% ও ১০% অনুন্নত হাট) উন্নয়ন তহবিল হতে নিম্নলিখিত প্রকল্প বাস্তবায়ন করা হয়।<br>**১৫% বাজার উন্নয়ন তহবিল প্রকল্প :** (নিচের সারণি দ্রষ্টব্য)<br>**১০% অনুন্নত হাট-বাজার তহবিল থেকে প্রকল্প :** (নিচের সারণি দ্রষ্টব্য) | সুষ্ঠবাস্তবায়নে উক্ত পূর্ত কাজগুলো e-GP এর মাধ্যমে OTM/LTM পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ এর হাট বাজার ব্যবস্থাপনার কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কমিটির পক্ষে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় টেন্ডার আহবান করবেন এবং উপজেলা নির্বাহী অফিসার অনুমোদনকারী হিসেবে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গ্রহন করা হয়।<br>উপজেলা হাট বাজার ব্যবস্থাপনার কমিটির তত্ত্বাবধানে বিষয়টি বাস্তবায়ন ও মনিটরিং করা হবে। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

**১৫% বাজার উন্নয়ন তহবিল প্রকল্প :**

| ক্রমি নং | বাজারের নাম | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য (টাকা) |
|---|---|---|---|
| ১. | দাপুনিয়া বাজার | দাপুনিয়া বাজারের আরসিসি ড্রেন নির্মাণ প্রকল্প | ৩৩,৪০,৩১৮/৪৮ |
| ২. | বেগুনবাড়ী বাজার | বেগুনবাড়ী বাজারের অভ্যন্তরীণ ড্রেন নির্মাণ/ পুন:নির্মাণ প্রকল্প | ২,৭৯,৮৪৪/- |
| ৩. | চুরখাই বাজার | চুরখাই বাজারের অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ প্রকল্প | ৭,৩৩,২৩৯/৪০ |

**১০% অনুন্নত হাট-বাজার তহবিল থেকে প্রকল্প :**

| ক্রমি নং | বাজারের নাম | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য (টাকা) |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | বেগুনবাড়ী বাজার | বেগুনবাড়ী বাজারের ১,২,৪ ও ৫ নং | ৬,০০,৩১০/৯৮ |
| ২. | | বেগুনবাড়ী বাজারের অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ | ৭,১৬,৮৯৮/- |
| ৩. | চুরখাই বাজার | চুরখাই বাজারের মাল্টিপারপাস শেড ঘরের নির্মাণ/ পুন:নির্মাণ প্রকল্প (অংশ-১) | ৫,২০,৪৮৫/৭৮ |
| ৪. | | চুরখাই বাজারের মাল্টিপারপাস শেড ঘরের নির্মাণ/ পুন:নির্মাণ প্রকল্প (অংশ-২) | ৫২৩২৭৫/৫০ |
| ৫. | | চুরখাই বাজারের মাল্টিপারপাস শেডঘরের নির্মাণ/ পুন:নির্মাণ প্রকল্প (অংশ-৩) | ৩,৫৫,২৫৯/৬৩ |
| ৬. | | চুরখাই বাজারের অভ্যন্তরীণ ড্রেন নির্মাণ/সংস্কার | ৪,২৬,০৯০/২৯ |

| | | | |
|---|---|---|---|
| ১৯/৪ | **বিবিধ**<br>উপজেলা পরিষদের ২০২৫-২৬ অর্থ বছরের সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স বাবদ ৫,৪০,০০০/- টাকা এর চাহিদা পত্র ১৬/০৭/২০২৫ তারিখের ১০৪ নং স্মারকে পাওয়া গিয়েছে, এটা পরিশোধের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ২০২৫-২৬ অর্থ বছরের সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স বাবদ ৫,৪০,০০০/- টাকা পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯/৫ | **বিবিধ**<br>**উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল সর্ম্পকে:**<br>উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলটি একটি বেসরকারি ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা হয়ে আসছে। এক্ষেত্রে কোন সরকারি ব্যাংক হলে লেনদেন স্বচ্ছতা ফান্ডের নিরাপত্তা এবং কার্যক্রম গতিশীল হবে মর্মে সভায় সভাপতি উল্লেখ করেন। এক্ষেত্রে অন্যান্য সদস্য বিষয়টি একমত পোষন করেন। | ময়মনসিংহ সিটি কর্পোরেশনে অবস্থিত রাষ্ট্রায়ত্ত তফসিলি ব্যাংক যেখানে উপজেলা পরিষদের অন্যান্য হিসাব আছে এমন ব্যাংক হিসাবে রূপালী ব্যাংক-কে সংশ্লিষ্ট হিসাবের নামে উপজেলা পরিষদ চেয়ারম্যান/ প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরে নতুন হিসাব (ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল) নামে নতুন একটি হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৯/৬ | **বিবিধ**<br>উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে আনসার ব্যারাক নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগের ২৯/০৩/২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০২৯(অংশ ০১)-২৭২ মতে ১৫০০০০০/- পনের লক্ষ টাকা হারে প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছিলো কিন্তু LGED এর Rate Schedule ২০২৩ এ পরিবর্তন হওয়ার ফলে ডিজাইন অনুযায়ী কাজটি মানসম্মতভাবে ও সুষ্ঠরূপে বাস্তবায়নের জন্য নতুন Rate Schedule মোতাবেক Revised Estimate করা হয়েছে ১৯,৭৬,৭৭৪.১২ টাকা এ বিষয়ে আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আনসার ব্যারাক মানসম্মত ও সুষ্ঠভাবে নির্মাণ বাস্তবায়নের নিমিত্ত বর্তমান রেট সিডিউল অনযায়ী প্রাক্কলনকৃত ১৯,৭৬,৭৭৪.১২ টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অনুমোদন পেলে e-GP পদ্ধতিতে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯/৭ | **বিবিধ**<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগ উপজেলা - ২ শাখা হতে গত ১০/০৯/২৫ ইং তারিখে ৪৬.০০.০০০০.০৪৫.১০.০০১.২৫-৯৫ স্মারক মূলে ২০২৫-২৬ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ময়মনসিংহ, সদর উপজেলার অনুকূলে ১ম কিস্তিতে ২৫.৭১ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। সাধারনত ত্রৈমাসিক হিসেবে ২য়, ৩য়,ও ৪র্থ কিস্তিতে সমপরিমান টাকা পাওয়া যায়। যেহেতু ৪র্থ কিস্তি পেতে পেতে এপ্রিল/মে মাস চলে আসে এবং e-GP পদ্ধতিতে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে প্রায় ২-৩ মাস সময় লেগে যায় তাই সবগুলো কিস্তির টাকা পাওয়ার পর দরপত্র আহবান পূর্বক কাজ বাস্তবায়ন দুরুহ হয়ে যায়। এমতাবস্থায় বাস্তবতা বিবেচনা করে ১ম কিস্তির সম পরিমান বরাদ্ধ পরবর্তী তিন কিস্তিতে ধরে মোট ১,০২,৮৪,০০০/- টাকার প্রকল্প গ্রহণ করা যেতে পারে। উল্লেখ্য যে, ইউনিয়ন প্রশাসক/ বিভিন্ন দপ্তর/ প্রতিষ্ঠান হতে জনগুরুত্বপূর্ণ বিভিন্ন প্রকল্পের প্রাথমিক তালিকা পাওয়া গেছে। | সর্বশেষ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২৫ এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর খাতওয়ারী বিভাজন অনুসরন করে প্রাথমিক ভাবে প্রাপ্ত উন্নয়ন প্রকল্প সমূহ যাচাই বাছাই পূর্বক প্রকল্প চূড়ান্ত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবতা বিবেচনা পূর্বক ১ম কিস্তি সহ অবশিষ্ট তিন কিস্তি ধরে সর্বমোট চার কিস্তির মোট ১,০২,৮৪,০০০/- টাকার প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত এবং পরবর্তী সমন্বয় সভায় প্রকল্প সমূহের প্রাক্কলন উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশল দপ্তরকে দায়িত্ব প্রদান করা হয়। প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি পরবর্তী সভায় নির্ধারণ করা হবে। | প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

CS CamScanner

বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি'র) ২০২৫-২০২৬ইং অর্থ বৎসরে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ

কর্তৃক নির্বাচিত প্রকল্প / পূর্তকাজের নাম ঃ

| ক্রমিক নং | প্রকল্প / পূর্তকাজের নাম | ব্যয়সীমা (লক্ষ টাকায়) |
|---|---|---|
| | **কৃষি ও সেচঃ (১০%)** | |
| ০১ | বোররচর ইউনিয়নে চরাঞ্চলের কৃষকদের জন্য বজ্রপাত প্রতিরোধক আশ্রয় টাওয়ার নির্মাণ। | ১০.২৮ |
| ০২ | জলাবদ্ধতা নিরসনে ও সেচ কাজের জন্য ইউড্রেন নির্মাণ | |
| | **মৎস্য ও প্রানী সম্পদ (৫%)** | |
| ০১ | বিভিন্ন মৎসজীবীদের মধ্যে সহায়ক উপকরণ সরবরাহ। | ৫.১৪ |
| ০২ | উপজেলার বিভিন্ন প্রান্তিক প্রাণী সম্পদ খামারীদের উপকরণ সরবরাহ। | |
| | **ক্ষুদ্র কুটিরশিল্প (৫%)** | |
| ০১ | কুষ্টিয়া ইউনিয়নে পালপাড়া কুমার সম্প্রদায়ের জন্য অবকাঠামো নির্মাণ ও সরঞ্জাম বিতরণ। | ৫.১৪ |
| | **বস্তুগত অবকাঠামোঃ (১৫%)** | |
| ০১ | দাপুনিয়া ইউনিয়নের দুবলাকুড়ি খালের উপর কাঠের/স্টিলের অবকাঠামো নির্মাণ । | ১৫.৪২ |
| | **জনস্বাস্থ্য-৮%, নারী, শিশু ও সমাজ কল্যান-১২% (২০%)** | |
| ০১ | বিভিন্ন ধর্মীয়/শিক্ষা/জনকল্যানমূলক প্রতিষ্ঠানে সাবমার্সিবল টিউবওয়েল স্থাপন। | ২০.৫৬ |
| ০২ | চরনিলক্ষিয়া লেতু মন্ডল স্কুলে নারী বান্ধব ওয়াশব্লক নির্মাণ | |
| ০৩ | বিভিন্ন প্রতিষ্ঠানে নারী শিক্ষার্থীদের জন্য ভেন্ডিং মেশিন স্থাপন। | |
| | **শিক্ষা খাত (১০%)** | |
| ০১ | ঝাপারকান্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ক্লাসরুম নির্মাণ। | ১০.২৮ |
| ০২ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা সহায়ক উপকরণ সরবরাহ। | |
| | **স্বাস্থ্য-৮%, নারী ও সমাজ কল্যান-১২% (২০%)** | |
| ০১ | বিদ্যাগঞ্জ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রে নিয়মিত স্বাস্থ্যসেবা ও প্রসুতি সেবা চালু রাখতে ভৌত অবকাঠামো নির্মাণ ও সংস্কার। | ১৬.৫৭ |
| ০২ | কুষ্টিয়া ইউনিয়নের বিদ্যাগঞ্জে প্রসুতি সেবা চালু করতে অপারেশন থিয়েটার এবং পোষ্ট অপারেটিভ রুম সংস্কার। | |

CamScanner

| যুব ক্রীড়া ও সংস্কৃতি (১০%) | | |
|---|---|---|
| ০১ | বোররচর ইউনিয়নের খেলার মাঠের প্রয়োজনীয় উন্নয়ন। | ১০.২৮ |
| ০২ | বোররচর ইউনিয়নের মাঠে সোলার প্যানেল স্থাপন। | |
| অন্যান্য (বিবিধ) (৫%) | | |
| ০১ | দাপুনিয়া ইউনিয়নে গোস্টাকান্দাপাড়া মোড় হইতে বারুরী আজিজ সরকারের বাড়ী সড়ক উন্নয়ন ও প্যালাসাইডিংকরণ। | ৫.১৪ |

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০৯/২৫

(মো. আরিফুল ইসলাম প্রিন্স)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নং: ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২৫-

তারিখ: ১৫-০৯-২০২৫খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। উপজেলা ................................ কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৫। প্রশাসক/ চেয়ারম্যান....................... ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। জনাব...............................................................।

৭। অফিস কপি।

১৫/০৯/২৫

(মো. আরিফুল ইসলাম প্রিন্স)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

CamScanner

পরিশিষ্ট"ক"

সভার তারিখ: ১৫/০৯/২০২৫খ্রি:।

মাধ্যম : ZOOM APP PLATFORM ও সরাসরি।

সেপ্টেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় উপস্থিত উপজেলার সকল সরকারী বিভাগের প্রধানের উপস্থিতির স্বাক্ষর তালিকা

পরিশিষ্টঃ

| ক্রম: নং | সম্মানীত সদস্যগণের নাম ও পদবী | মোবাই নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | মো: আরিফুল ইসলাম ... UNO | 01733327326 | [signature] |
| 2. | আব্দুল্লাহ-আল-মামুন উপজেলা প্রকৌশলী | 01708-161443 | [signature] 15-09-25 |
| ৩. | মো. বেলায়েত হোসেন USEO প্রশাসক, ৫নং সিরতা ইউপি | ০১৯১২-০৮১৯৬৩ | [signature] ১৫/৯/২৫ |
| ০৪ | মাকসুদা খাতুন USSO | 01708-415008 | [signature] ১৫/০৯/২০২৫ |
| ০৫ | আসমাউল-উল-হুসনা ফাতেমা জান্নাতুল ফেরদৌস UFPO | 01747739025 | [signature] ১৫.০৯.২৫ |
| ০৬ | নাছিমা খাতুন ভারপ্রাপ্ত কর্মকর্তা মহিলা বিষয়ক কর্মকর্তা | 01718648033 | [signature] ১৫.০৯.২৫ |
| ০৭ | মোছা: হোসনে আরা উপজেলা নির্বাচন অফিসার | 01791111067 | [signature] ১৫.০৯.২৫ |
| ০৮. | মোছা: [illegible] তথ্যসেবা কর্মকর্তা (তথ্যআপা) | 01684477468 | [signature] ১৫.০৯.২৫ |
| ০৯ | মো: আনোয়ার হোসেন সহকারী পরিচালক অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র ময়মনসিংহ সদর | 01717-793478 | [signature] ১৫.০৯.২৫ |
| ১০ | মো: তেজারুল ইসলাম | 01716715979 | [signature] |
| ১১/ | মোমিনা খাতুন প্রাণিসম্পদ অফিসার | 01745491364 | [signature] |
| ১২ | হায়দার রহমান ইন্সট্রাক্টর URC | 01712920842 | [signature] |

পরিশিষ্ট"ক"

সভার তারিখঃ ১৫/০৯/২০২৫খ্রিঃ।

মাধ্যম : ZOOM APP PLATFORM ও সরাসরি।

সেপ্টেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার উপস্থিত উপজেলার সকল সরকারী বিভাগের প্রধানের উপস্থিতির স্বাক্ষর তালিকা

পরিশিষ্টঃ

| ক্রমঃ নং | সম্মানীত সদস্যগণের নাম ও পদবী | মোবাই নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | তমালিকা চক্রবর্তী<br>প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | 01921303057 | Tamalika |
| 02. | মো: ওয়াসীম আকরাম<br>টিআই, আনসার ও ভিডিপি অফিস<br>সদর, ময়মনসিংহ | 01782911475 | [signature] |
| ০৩. | শরীফুল ইসলাম<br>উপজেলা সমাজ সেবা অফিসার<br>সদর, ময়মনসিংহ, | 01714-822 | [signature] |
| ০৪. | মো: জালাল উদ্দিন<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার | 01718820122 | [signature] |
| ১৭ | মোসাঃ আফরোজা খাতুন<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>উপজেলা মৎস্য অফিস | ০৯৭২৫৫২৮০০৯ | [signature] |
| ১৮ | মো: মনির উদ্দিন মিয়া<br>UDF. UGDP<br>ময়মনসিংহ সদর | 01715093316 | [signature] |
| ১৯ | হাবিবুর রহমান<br>সহকারী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | 01711040808 | [signature] ১৫.০৯.২৫ |
| ২০ | মামুনুর রহমান<br>পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01716-423360 | [signature] ১৫/০৯/২৫ |
| ২১. | কৃষ্ণ চন্দ্র রায়<br>প্রতিনিধি- ৩য় পর্যায়<br>উপজেলা সমবায় অফিস | 01791875088 | [signature] ১৫.০৯.২৫ |
| | মো: মনিরুল হক ফারুক<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01700717198 | [signature] ১৫/০৯/২০২৫ |
| | ডাঃ তাসরিন শামসুর খান<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তার পক্ষে | 01784826440. | [signature] 15.09.25. |
| | জুবায়রা বেগম সাথী<br>UAO | 01746-427050 | [signature] 15.09.25 |

CS CamScanner

পরিশিষ্ট"ক"

সভার তারিখ: ১৫/০৯/২০২৫খ্রি:।

মাধ্যম : **ZOOM APP PLATFORM** ও সরাসরি।

**সেপ্টেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার উপস্থিত উপজেলার সকল সরকারী বিভাগের প্রধানের উপস্থিতির স্বাক্ষর তালিকা**

**পরিশিষ্টঃ**

| ক্রম: নং | সম্মানীত সদস্যগণের নাম ও পদবী | মোবাই নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | মো: আবু তাহের<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা- BRDB, সদর [illegible] | 01717784809 | [illegible] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

সভার তারিখ: ১৪/০৯/২০২৫ খ্রিঃ।

মাধ্যম : ZOOM APP PLATFORM ও সরাসরি

**সেপ্টেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার উপস্থিত ইউনিয়ন পরিষদ এর সকল প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের উপস্থিতির স্বাক্ষর তালিকা পরিশিষ্টঃ**

| ক্রমঃ নং | সম্মানীত সদস্যগণের নাম ও পদবী | মোবাই নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | মো: আরিফুল ইসলাম প্রিন্স<br>UNO ও প্রশাসক<br>Mymensingh Sadar | 01723373326 | [signature] |
| ২. | মো. বেলায়েত হোসেন<br>USE ও<br>প্রশাসক, ৫নং সিরতা ইউপি | ০১৭১২-০৪১৭৬৩ | [signature] |
| ৩. | আসমা-উল-হুসনা ফাতেমা<br>জান্নাতুল ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও প্রশাসক, ভাবখালী ইউনিয়ন | ০১৭৪৭-৭৩৭০২৫ | [signature] |
| ৪ | মেহেদী হাসান<br>প্রশাসক, ১০নং, দাপুনিয়া ইউনিয়ন | 01745491364 | [signature] |
| ৫ | সাইফুল আহমেদ<br>প্রশাসক, ১১নং আকুয়া ইউনিয়ন পরিষদ। | [illegible] | [signature] |
| ৬ | তারিক আজিজ, প্রশাসক,<br>৭নং চর নিলক্ষীয়া ইউপি | 01738093227 | [signature] |
| ৭ | মো: আবু তালহা<br>৬নং চর ঈশ্বরদিয়া ইউনিয়ন | 01717784609 | [signature] |
| ৮ | হাবিবুল্লাহ<br>প্রশাসক, কুষ্টিয়া ইউনিয়ন পরিষদ | 01716592072 | [signature] |
| ৯ | আব্দুল মান্নান,<br>প্রশাসনিক কর্মকর্তা, [illegible] | 01719-692098 | [signature] |
| ১০ | আক্তার হোসেন<br>প্রশাসনিক কর্মকর্তা, বোররচর ইউপি | 01924-69305 | [signature] |
| ১১ | মুনিরা সুলতানা<br>প্রশাসনিক কর্মকর্তা, অষ্টধার ইউপি | 01762-251241 | [signature] |
| ১২ | নিলুফার ইয়াসমিন<br>প্রশাসনিক কর্মকর্তা, কুষ্টিয়া ইউপি | 01631547136 | [signature] |

CamScanner

**পরিশিষ্ট"খ"**

**সভার তারিখ: ১২/০৮/২০২৫ খ্রি: ।**

**মাধ্যম : ZOOM APP PLATFORM ও সরাসরি**

**সেপ্টেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার উপস্থিত ইউনিয়ন পরিষদ এর সকল প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের উপস্থিতির স্বাক্ষর তালিকা পরিশিষ্টঃ**

| ক্রম: নং | সম্মানীত সদস্যগণের নাম ও পদবী | মোবাই নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | মো: ফজলুল করিম<br>ভারপ্রাপ্ত ইউপি সচিব. | 01735988423 | [illegible] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

CamScanner